SMOKE FREE ONTARIO

স্মোক ফ্রি অন্টারিও অ্যাক্ট
ফেব্রুয়ারি 2008

এই অ্যাক্টে কি প্রভাব পড়বে ঃ
তামাকের খুচরা বিক্রেতা

(টীকা ঃ তামাক প্রদর্শনে নিষেধাজ্ঞা সংক্রান্ত তথ্য সম্বলিত করার জন্য ফেব্রুয়ারি 2008 -এ এই তথ্যপত্রিকা পুনরীক্ষণ করা হয়)

পশ্চাদপট

31 মে, 2006-এ স্মোক ফ্রি অন্টারিও অ্যাক্ট বলবৎ করা হয়। এই অ্যাক্ট ঃ

- কর্মী এবং জনসাধারণকে পরোক্ষ ধূমপানের বিপদ থেকে সুরক্ষিত রাখার জন্য অন্টারিওতে পরিবেষ্টিত কর্মক্ষেত্র এবং পরিবেষ্টিত সর্বসাধারণের এলাকায় ধূমপান নিষেধ করে।
- বিক্রি বিন্দুতে কিভাবে তামাকের পণ্যসম্ভার প্রদর্শন এবং উন্নয়ন করা হবে তা নিয়ন্ত্রণ করে।
- অল্পবয়সীদের তামাকের জিনিস বিক্রি নিষেধ সুদৃঢ় করে।

নিয়োগকর্তা ও কর্মচারী উভয় যাতে স্মোক ফ্রি অন্টারিও অ্যাক্টের শর্ত বোঝে এবং অনুসরণ করে তা সুনিশ্চিত করা তামাকের খুচরা বিক্রেতার আইনী দায়িত্ব।

তামাকের পণ্যসম্ভারে রয়েছে ঃ

- সিগারেট
- সিগার
- সিগারিলো
- পাইপ তামাক
- তামাকের অন্যান্য বিশেষ পণ্য যেমন তামাক চর্বন, স্নাস, নস্য ইত্যাদি।

নতুন কি

সিগারেট এবং তামাকের অন্যান্য জিনিস প্রদর্শন, স্পর্শ করা এবং উন্নয়নে বাধানিষেধ

31 মে, 2008, থেকে কার্যকর, কিভাবে তামাকের জিনিস খুচরা দোকানে প্রদর্শন করা, স্পর্শ করা ও উন্নয়ন করা যায় সে বিষয়ে নতুন বাধা নিষেধ জারি করা হয়েছে। এগুলি নতুন নিয়ম যা সযত্নে পুনর্বিচার করে দেখা প্রয়োজন।

প্রদর্শন

খুচরা দোকানে তামাকের কোনো জিনিস প্রদর্শন করা যাবে না। অর্থাৎ ঃ

- তামাকের জিনিস এমনভাবে মজুত রাখতে হবে যাতে গ্রাহক কেনার আগে সেসব দেখতে না পায়। কেনার আগে গ্রাহক সিগারেট বা তামাকের অন্যান্য জিনিস স্পর্শ করতে পারবে না।
- দোকানের মালিককে নিশ্চিত হতে হবে যে তামাকের পুনরায় জিনিস ভাণ্ডারে রাখার সময়, উপাদানের তালিকা যাচাই করার সময় অথবা কোনো প্রণালী যাতে পণ্য জমা রাখার সাধনী বক্স খুলতে হয় ও তামাকের পণ্য দৃষ্টিগোচর হয়, সেসব করার সময় সম্ভাব্য গ্রাহকের সামনে তামাকের জিনিস প্রদর্শন না করা হয়।
- অ্যাক্টের ধারা 3.1(2) অনুসারে যে অল্পক্ষণের জন্য বিক্রেতা জমা রাখার বক্স খুলবেন ও বন্ধ করবেন এবং পণ্য গ্রাহকের হাতে তুলে দেবেন সেই সময়টা "প্রদর্শন" হিসাবে গণ্য হবে না।
- *জরুরী ঃ অ্যাক্টের অধীন জমা রাখার বক্স বা সাধনীতে তামাকের জিনিস প্রদর্শনের যে কোনো ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত কাজ অভিযোগসাপেক্ষ হতে পারে।*

Ontario

স্বীকার্য মজুত রাখার ব্যবস্থা

তামাকের জিনিস মজুত রাখা ও বন্টন করার **স্বীকার্য** ব্যবস্থার উদাহরণে রয়েছে ঃ

- উর্দ্ধস্থিত আধার যাতে শুধুমাত্র ক্লার্ক (কেরানী) তামাকের জিনিস দেখতে পায়;
- কাউন্টারের নিচে ড্রয়ার বা আলমারি যাতে শুধুমাত্র ক্লার্ক তামাকের জিনিস দেখতে পায়;
- একটিমাত্র প্যাকেজ বন্টনযোগ্য, ভার-তাড়িত যন্ত্র;
- রেট্রোফিট ব্যবস্থা যা উপরদিকে কবজা দেওয়া "ফ্লিপ-আপ" ঢাকনা দিয়ে তাকে ঢেকে রাখে যা খোলার পর ভারবশত তৎক্ষণাৎ বা স্বয়ংক্রিয় বন্ধ হয়ে যায়। এগুলি উচ্চতায় 30.5 সেমি (বা এক ফুট) দৈর্ঘে 61 সেমির (2 ফিটের) বেশী — বড় হতে পারবে না, এবং একবারে একটা মাত্র খুলবে;
- অপ্রশস্ত ড্রয়ার যা আংশিকভাবে খুলবে ও শুধু সিগারেটের প্যাকেটের লম্বালম্বি অংশ দেখা যাবে;
- কাউন্টারে - রাখা তামাকের জিনিস মজুত রাখার ব্যবস্থা এবং ঘূর্ণ্যায়মান ট্রে যা শুধু ক্লার্ক দেখতে পাবেন।

অনস্বীকার্য মজুত রাখার ব্যবস্থা

তামাকের পণ্য মজুত রাখা ও বন্টন করার **অনস্বীকার্য** ব্যবস্থার উদাহরণে রয়েছে ঃ

- গ্যারেজের দরজার মত আবরণ যা খুললে সম্পূর্ণ তামাকের পণসম্ভার বা বিশাল অংশ দেখা যায়;
- বিশাল আলমারি যা খুলে গ্রাহককে প্রচুর পরিমাণ তামাকের পণ্য দেখানো যায়;
- রেট্রোফিট কল যা নিচের দিকে কবজাযুক্ত "ফ্লিপ-আপ" ঢাকনা দিয়ে তাক ঢেকে রাখে যা স্বয়ংক্রিয় বন্ধ হয় না এবং যতক্ষণ না তুলে বন্ধ করা হয় ততক্ষণ খোলা থাকে;
- পর্দা ও খড়খড়ি;
- আলমারির দরজার মত সমতল স্লাইড করা দরজা।

প্রতিটি মজুত রাখার ব্যবস্থায় যে বিশেষ তামাকের জিনিস আছে তা খুঁজে বার করায় ক্লার্ককে সাহায্য করার জন্য তামাকের পণ্য মজুত রাখার ব্যবস্থার বাইরে ছোট ট্যাগ লাগানোর অনুমতি আছে। এইসব পরিচয়সূচক ট্যাগে দামের বিষয় তথ্য জানানোর অনুমতি নেই। এই ট্যাগে অবশ্যই ঃ

- সাদা পশ্চাদপটে কালো হরফ ব্যবহার করতে হবে
- 14 পয়েন্ট পর্যন্ত টাইপ আকারে অক্ষর ব্যবহার করতে হবে
- লোগো বা রং ব্যবহার করা যাবে না
- 2 x 1 (5 সেমি x 2.5 সেমি) র চেয়ে বড় হবে না

সিগারেট এবং তামাকের অন্যান্য পণ্যোন্বয়নে বাধানিষেধ

যে উন্নয়নমূলক উপাদান দিয়ে তামাকের পণ্যের বিশেষ কোনো ব্র্যান্ড চেনা যায় তা ব্যবহার নিষেধ। **নিষিদ্ধ** প্রদর্শনের উদাহরণে রয়েছে ঃ

- শোভাবর্ধক প্যানেল ও পশ্চাদ্পট যাতে তামাকের বিশেষ ব্র্যান্ডের পণ্য দেখানো হয়
- পৃষ্ঠাংশ আলোকিত প্যানেল
- পণ্যপ্রচারমূলক আলোক ব্যবস্থা
- ত্রিমাত্রিক প্রদর্শনী

একটি খুচরা বিক্রেতা যে তামাকের পণ্য বিক্রি করে এবং পণ্যের যা দাম শুধু ততটুকু গ্রাহককে জানানোর জন্য তামাকের পণ্য বিক্রি সংক্রান্ত সঙ্কেতচিহ্নের অনুমতি দেওয়া হয়। এছাড়া ঃ

- সঙ্কেতচিহ্নের আকার 968 বর্গ সেন্টিমিটারের বেশী হতে পারবে না
- সঙ্কেতচিহ্নে সাদা পশ্চাদপটে কালো হরফ ব্যবহার করতে হবে
- খুচরা দোকানের বাইরে থেকে সঙ্কেতচিহ্নের পাঠ্যাংশ দৃষ্টিগোচর হবে না
- খুচরা বিক্রেতা অধিকতম তিনটি সঙ্কেতচিহ্নের মাধ্যমে তামাকের পণ্য এবং /বা তামাকের পণ্যের আনুষঙ্গিক জিনিসের উল্লেখ করতে পারেন
- সঙ্কেতচিহ্নে কোনো বিশেষ ব্র্যান্ডের তামাক বা তামাক সংক্রান্ত পণ্য দেখানো হবে না

তামাকের পণ্য সংক্রান্ত আনুষঙ্গিক যথা হিউমিডর (humidors), পাইপ, সিগারেট হোল্ডার, সিগার ক্লিপ ও দেশলাই দেখালে যদি তামাকের পণ্য ও /বা তামাকের পণ্যের ব্র্যান্ডের সঙ্গে তার কোনো সম্পর্ক না থাকে তাহলে তেমন জিনিস প্রদর্শনের অনুমতি আছে।

Ontario

প্রয়োজনীয় সঙ্কেত

সবাই যাতে জানতে পারে যে ধূমপান নিষেধ সেজন্য সব খুচরা বিক্রেতাকে সবকটি প্রবেশ, প্রস্থান পথ, ওয়াশরুম ও অন্যান্য উপযুক্ত স্থানে ধূমপান নিষেধ সঙ্গেতচিহ্ন রাখতে হবে।

সিগারেট ও তামাকের জিনিসের সব খুচরা বিক্রেতাদের বিক্রি বিন্দুতে গ্রাহকের সামনে স্পষ্ট দৃষ্টিগোচর স্থানে এগুলি রাখতে হবে ঃ

- সরকারি পরিচয়সূচক চিহ্ন
- বয়স সীমা ও স্বাস্থ্য সতর্কীকরণের চিহ্ন রাখতে হবে

প্রয়োজনীয় সাইন ও চিহ্ন পাওয়ার ব্যাপারে তথ্যের জন্য আপনার স্থানীয় জনস্বাস্থ্য কেন্দ্রে যোগাযোগ করুন।

খুচরা বিক্রেতার দায়িত্ব

আনুমানিক বয়স

25 বছরের কমবয়সী মনে হয় এমন যে কোনো ব্যক্তিকে তামাক বিক্রি করার আগে খুচরা বিক্রেতার তার কাছ থেকে পরিচয়পত্র চাইতে হবে এবং তার বয়স যে নিদেনপক্ষে 19 বছর সে ব্যাপারে নিশ্চিত হতে হবে। স্বীকারযোগ্য পরিচয়পত্রে ঐ ব্যক্তির ছবি ও তার জন্মতারিখ থাকা এবং দৃশ্যত যুক্তিসঙ্গতভাবে সরকার দ্বারা প্রকাশিত হওয়া প্রয়োজন। এর কয়েকটি উদাহরণ ঃ

- অন্টারিও ড্রাইভারের লাইসেন্স
- কানাডার পাসপোর্ট
- কানাডার নাগরিকত্বের কার্ড
- কানাডার সামরিক সেনার পরিচয়পত্র
- কানাডার সামরিক সেনার পরিচয়পত্র

খুচরা বিক্রেতা স্বাস্থ্যের কার্ড না চাইলেও, যদি গ্রাহক তা পেশ করে এবং তাতে তার ছবি ও জন্মতারিখ থাকে তাহলে তা পরিচয়স্বরূপ স্বীকার করে নেওয়া যায়।

100% ধূম-রহিত

সম্পূর্ণ পরিসর সব সময় যাতে ধোঁয়া-শূণ্য থাকে তা সুনিশ্চিত করা মালিকের দায়িত্ব।

প্রতিনিধিত্বমূলক দায়িত্ব

অ্যাক্টের ধারা 3(4) -এর অর্থ, মালিক নিজের কার্যকলাপের জন্য দায়িত্বশীল থাকা ছাড়াও, কর্মচারীদের কাজকর্মের জন্য দায়িত্বশীল থাকবে।

আইন প্রয়োগ

অ্যাক্ট প্রয়োগের জন্য স্থানীয় জনস্বাস্থ্য কেন্দ্র খুচরা দোকান পরিদর্শন করবে ও অভিযোগে তদন্ত করবে।

শাস্তি

অ্যাক্টের অধীনে খুচরা বিক্রেতার নানা শাস্তি হতে পারে। খুচরা বিক্রেতার ক্ষেত্রে যে বিশেষ অপরাধের অভিযোগ প্রযোজ্য হতে পারে তা বোঝার জন্য তাদের স্মোক ফ্রি অন্টারিও অ্যাক্ট পুনর্বিচার করে দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। কিছু কিছু অভিযোগের ফলে স্বয়ংক্রিয় নিষিদ্ধ হয়ে যেতে পারে।

তামাক বিক্রির অপরাধ এবং স্বয়ংক্রিয় নিষেধ ঃ
তামাকের জিনিস বিক্রি করা, জমা রাখা বা সরবরাহ নেওয়া নিষেধ

স্মোক ফ্রি অন্টারিও অ্যাক্টে কয়েকটি নিষিদ্ধ কাজকে "তামাক বিক্রির অপরাধ" হিসাবে চিহ্নিত করা হয়েছে। তাতে রয়েছে ঃ 19 বছরের কমবয়সী ব্যক্তিকে তামাক বিক্রি করা বা সরবরাহ করা; যাকে দেখে 25 বছরের কমবয়সী মনে হবে তার কাছ থেকে পরিচয়পত্র চাওয়ায় ব্যর্থতা; সরকারের বাধ্যতামূলক পরিচয় ও স্বাস্থ্য সতর্কীকরণ সঙ্কেত টাঙানোয় ব্যর্থতা; উপযুক্ত স্বাস্থ্য সতর্কীকরণ ছাড়া তামাক বিক্রি; টোব্যাকো ট্যাক্স অ্যাক্টের অধীন অচিহ্নিত সিগারেট বিক্রি সংক্রান্ত কয়েকটা কাজ।

একটি নির্দিষ্ট স্থানে 5 বছরের মধ্যে তামাক বিক্রির অপরাধের দুটি বা তার বেশী অভিযোগ পাওয়া গেলে, ঐ স্থানটি অস্থায়ীভাবে "স্বয়ংক্রিয় নিষিদ্ধ" হয়ে যাবে। যে স্থান স্বয়ংক্রিয় নিষিদ্ধ হয়ে যাবে সেখানে তামাক বিক্রি করা বা জমা রাখা যাবে না এবং কোনো পাইকারি বা খুচরা বিক্রেতা ঐ স্থানে তামাক সরবরাহ করবে না। তামাক বিক্রির অপরাধের অভিযোগের সংখ্যানুসার এই স্বয়ংক্রিয় নিষেধ 6 থেকে 12 মাস যাবৎ প্রযোজ্য হতে পারে।

এই শাস্তির বিষয়ে আরো জানার জন্য খুচরা বিক্রেতাদের স্মোক ফ্রি অন্টারিও অ্যাক্টের ধারা 16 পুনর্বিচার করে দেখার পরামর্শ দেওয়া হচ্ছে।

অর্থদন্ড

যে ব্যক্তি অ্যাক্টের ধারা 3.1 লঙ্ঘন করবে তাকে 250 ডলার মূল্যের টিকিটের অর্থদন্ড দিতে হবে। যে গুরুতর অপরাধে সমন জারি করা হয় তাতে আরো বেশী অঙ্কের অর্থদন্ড দিতে হতে পারে। একটি সংস্থাকে প্রথম অপরাধে অধিকতম 10,000 ডলার অর্থদন্ড এবং তিনটি বা তার বেশী অপরাধে 150,000 ডলার অর্থদন্ড দিতে হতে পারে। একক ব্যক্তিকে প্রথম অপরাধে 4,000 ডলার অর্থদন্ড এবং তিনটি বা ততোধিক অপরাধে 100,000 ডলার পর্যন্ত অর্থদন্ড দিতে হতে পারে।

আরো তথ্যের জন্য

শুধুমাত্র দ্রুত নজিরস্বরূপ এই তথ্যপত্রিকা তৈরী করা হয়েছে। আরো তথ্যের জন্য, আপনার স্থানীয় জনস্বাস্থ্য কেন্দ্রে যোগাযোগ করুন ঃ

আপনি নিঃশুল্ক ফোন করেও তথ্য পেতে পারেন ঃ
- **INFOline** 1-866-396-1760
- **TTY** 1-800-387-5559

কাজের সময় ঃ সোমবার থেকে শুক্রবার, সকাল 8:30 – বিকাল 5:00 টা
স্মোক -ফ্রি অন্টারিও অ্যাক্ট সম্বন্ধে আরো তথ্যের জন্য অন্টারিও মিনিস্ট্রি অফ হেল্থ প্রোমোশনের
ওয়েবসাইট ঃ www.ontario.ca/smokefree

মিনিস্ট্রি অফ হেল্থ প্রোমোশন এবং জনস্বাস্থ্য কেন্দ্র আইনী পরামর্শ দিতে পারে না এবং এই তথ্যপত্রটিকে আইনী পরামর্শ স্বরূপ গণ্য করা যাবে না। আপনার যদি আইনী পরামর্শের প্রয়োজন হয় আপনার নিজস্ব আইনী অধিবক্তার সঙ্গে পরামর্শ করুন।

Ontario